তারিখ ...29 APR 1991 ...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৬

দৈনিক সংবাদ

(28)

22

## পরীক্ষায় দুর্নীতি রোধের উপায় নিয়ে আলোচনা

বিভিন্ন পাবলিক পরীক্ষায় দুর্নীতি প্রতিরোধকল্পে পদক্ষেপ গ্রহণ সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের উদ্দেশ্যে গঠিত কমিটির এক সভা গতকাল রোববার

পরীক্ষায় দুর্নীতি ঃ পৃঃ ১০ কঃ ২

### পরীক্ষায় দুর্নীতি রোধে

( ১ম পাতার পর )

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় পরীক্ষাকে দুর্নীতিমুক্ত করার অংগীকার পূরণের বিভিন্ন পন্থা নিয়ে আলোচনা করা হয়। সভায় অবৈধ ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণ প্রতিরোধ, উপজেলা পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র স্থাপন, আইন-শৃংখলা রক্ষা এবং পরীক্ষা কেন্দ্রে বহিরাগতদের প্রবেশ প্রতিরোধকল্পে কতিপয় সুপারিশ প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় বিদ্যমান পরীক্ষা পরিচালনা পদ্ধতি ও বিভিন্ন পদক্ষেপ পর্যালোচনা করা হয়। সভায় আগামী এসএসসি, এইচএসসি ও মাদ্রাসা বোর্ডের বিভিন্ন পরীক্ষায় দুর্নীতি বন্ধের ব্যাপারে গৃহীত পদক্ষেপও পর্যালোচনা করা হয়। খবর তথ্য বিবরণীর।